# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 30.08.2024 Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর কান্ডের প্রতিবাদ বিক্ষোভের মধ্যেই ধর্ষণের বিরুদ্ধে কড়া আইন চেয়ে মুখ্যমন্ত্রী আজ আবারও প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছেন।

২) জাতীয় মানবাধিকার কমিশন, আর জি কর ইস্যুতে ছাত্র সমাজের ডাকা নবান্ন অভিযানে পুলিশি বলপ্রয়োগের অভিযোগ সম্পর্কে কলকাতার নগর পালের কাছে রিপোর্ট তলব করেছে।

৩) আর জি করের ঘটনায় বিজেপি শেষ পর্যন্ত লড়াই চালিয়ে যাবে বলে জানিয়েছে। দলের মহিলা মোর্চার তালা লাগাও অভিযানকে ঘিরে সল্টলেক চত্বর আজ উত্তপ্ত হয়ে ওঠে।

এদিকে আর জি কর কান্ডে সিবিআই দ্রুত তদন্ত করে চার্জ শিট জমা দিক – তৃণমূল কংগ্রেস তাই চাইছে বলে কলকাতার মেয়র মন্তব্য করেছেন।

৪) ন্যাশনাল মেডিক্যাল কলেজে হাসপাতালে নতুন অধ্যক্ষ হচ্ছেন, চেস্ট মেডিসিন বিভাগের অধ্যাপক শুভ্র মিত্র।

৫) বন্ধ্যা জমিকে চাষযোগ্য করে তোলা অথবা সেখানে শিল্প গড়ে তুলে কর্মসংস্থানের দাবিতে হুগলির সিঙ্গুরের কৃষকরা ১৮ বছর বাদে আজ থেকে আরও এক দফা আন্দোলন শুরু করেছেন।

৬) যুবভারতী ক্রীড়াঙ্গনে আগামীকাল ডুরান্ড কাপ ফুটবলের ফাইনালে মোহনবাগান সুপারজায়ান্ট, নর্থ ইস্ট ইউনাইটেডের মুখোমুখি হবে।

---------------------------------------------------------------------------------------------

আরজিকর কান্ডের প্রতিবাদ বিক্ষোভের মধ্যেই ধর্ষণের বিরুদ্ধে কড়া আইন চেয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ ফের একবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে চিঠি দিয়েছেন। দুপাতার সেই চিঠিটি সমাজ মাধ্যমে পোস্টও করেছেন মুখ্যমন্ত্রী। এর আগে গত ২২শে আগস্ট ধর্ষণ বিরোধী কঠোর আইন বলবত করার বিষয় প্রধানমন্ত্রীকে প্রথম চিঠি লিখেছিলেন তিনি। নারী ও শিশু বিকাশ মন্ত্রক থেকে সেই চিঠির জবাব আসলেও প্রধানমন্ত্রী এর কোন উত্তর দেননি বলে আজকের চিঠিতে গোড়াতেই উল্লেখ করা হয়েছে।

আগের চিঠিতে ফাস্ট ট্র্যাক আদালতে ১৫ দিনের মধ্যে ধর্ষনের মামলার বিচারপ্রক্রিয়া শেষ করে শাস্তি নিশ্চিত করার পক্ষে সওয়াল করেছিলেন মুখ্যমন্ত্রী। পাশাপাশি যৌন নির্যাতনের বিচার পরিকাঠামো শক্তিশালী করার ক্ষেত্রে রাজ্য সরকারের গৃহীত পদক্ষেপ সম্পর্কেও প্রধানমন্ত্রীকে জানানো হয়েছিল। জবাবে কেন্দ্রের পক্ষ থেকে যে চিঠি এসেছে তাতে এ প্রসঙ্গের কোন উল্লেখ নেই বলে দ্বিতীয় চিঠিতে জানিয়েছেন মুখ্যমন্ত্রী। আজকে চিঠিতে তিনি ফের একবার ধর্ষণ বিরোধী কঠোর আইন প্রণয়নে যাবতীয় উদ্যোগ গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন।

-----------------------

জাতীয় মানবাধিকার কমিশন, এন এইচ আর সি, আর জি কর ইস্যুতে গত মঙ্গলবার ছাত্র সমাজের ডাকা নবান্ন অভিযানে পুলিশি বলপ্রয়োগের অভিযোগের প্রেক্ষিতে কলকাতার নগর পাল বিনীত গোয়েলের কাছে রিপোর্ট তলব করেছে। ওইদিনের অভিযানকে কেন্দ্র করে মহানগরীর বিভিন্ন জায়গায় যে বিশৃঙ্খলা দেখা দেয়, তার প্রেক্ষিতে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছিল, সেব্যাপারে বিস্তারিত জানাতে বলা

হয়েছে। দু- সপ্তাহের মধ্যে ঐ রিপোর্ট জমা দিতে হবে বলে এন এইচ আর সি-র তরফে কমিশনারকে চিঠি পাঠানো হয়েছে।

এদিকে, ঐ নবান্ন অভিযানের অন্যতম উদ্যোক্তা ছাত্র সমাজের আহ্বায়ক সায়ন লাহিড়ীর গ্রেফতার নিয়ে রাজ্য সরকার আজ কলকাতা হাইকোর্টে প্রশ্নের সম্মুখীন হয়। সায়নকে কেন গ্রেফতার করা হয়েছে, তাঁকে কোথাও হামলা করতে দেখা গেছে কিনা, বিচারপতি অমৃতা সিনহা সেই প্রশ্ন তোলেন।

রাজ্য সরকারের তরফে পাল্টা যুক্তি দেওয়া হয়, নবান্ন অভিযান কর্মসূচি থেকে ব্যাপক বিশৃঙ্খলা তৈরি হয়েছিল। সেই কারণেই কর্মসূচির আহবায়ক হিসেবে গ্রেফতার করা হয় সায়ন লাহিড়ীকে। এছাড়া ওই মিছিলের জন্য পুলিশ অনুমতি দেয়নি।
রাজ্যের এই সওয়ালের পর বিচারপতি সিনহা আর জি করের ঘটনায় প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে কেন পুলিশ গ্রেফতার করেনি, সেই প্রশ্নও তোলেন।

উল্লেখ্য, তার গ্রেফতারকে চ্যালেঞ্জ জানিয়ে সায়ন হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন। আদালতে তার আইনজীবী জানান, মিথ্য অভিযোগে সায়নকে গ্রেপ্তার করা হয়েছে।
দুপক্ষের সওয়াল জবাব শোনার পর আদালত আপাতত রায়দান  স্থগিত রেখেছে।

-----------------------

আরজিকরের ঘটনায় ন্যায়ের দাবিতে বিজেপি শেষ পর্যন্ত লড়াই চালিয়ে যাবে। কলকাতায় আজ দলের ধর্না মঞ্চ থেকে রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন,সরকারি মেডিকেল কলেজে কর্তব্যরত অবস্থায় এক মহিলা চিকিৎসককে যেভাবে নির্যাতন ও হত্যা করা হয়েছে, তাতে এরাজ্যে আইনশৃঙ্খলা যে পুরোপুরি ধ্বংস হয়ে গেছে তা প্রমাণিত হয়েছে। এর জন্য একমাত্র মুখ্যমন্ত্রী দায়ী। দেশে ৯০ দিনে ৯শোটি নির্যাতনের ঘটনা ঘটেছে বলে অভিষেক ব্যানার্জি টুইট করেছেন। সে প্রসঙ্গে রাজ্য সভাপতি বলেন,যে ৯শোটি নারী নির্যাতনের ঘটনা ঘটেছে তা অত্যন্ত নিন্দনীয়। তবে এই ধরনের ঘটনা কোনো রাজ্যে ঘটেনি। পাশাপাশি সারাদেশে এই ধরনের ঘটনায় অপরাধীদের শাস্তি দেওয়া হলেও এরাজ্যে অপরাধীদের রক্ষা করতে মুখ্যমন্ত্রী ও সমগ্র পুলিশ প্রশাসন প্রাণপাত করে দিচ্ছেন।

বাইট

-------------------------

আর জি কর কান্ডের প্রতিবাদে বিজেপির মহিলা মোর্চার তালা লাগাও অভিযানকে ঘিরে সল্টলেকের চত্বরে আজ ব্যাপক উত্তেজনা দেখা দেয়। আরজিকরের ঘটনায় রাজ্য মহিলা কমিশনের নিষ্ক্রিয়তার বিরুদ্ধে প্রতিবাদ স্বরূপ মহিলা মোর্চা এই কর্মসূচিতে সামিল হয়। তবে কর্মসূচীর শুরুর আগেই পুলিশ দলের রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় সহ মোর্চার সদস্যদের আটক করে। পরে অবশ্য শ্রীমতি চট্টোপাধ্যায়কে ছেড়ে দেওয়া হয়। তিনি সাংবাদিকদের বলেন,

বাইট

এরপর করুণাময়ী থেকে মহিলা কমিশনের উদ্দেশ্যে শুরু হয় মোর্চার মিছিল। লকেট ছাড়াও দলের রাজ্য সাধারণ সম্পাদক অগ্নিমিত্রা পাল, বিজেপি নেত্রী দেবশ্রী চৌধুরী, মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী ফাল্গুনী পাত্র মিছিলে উপস্থিত ছিলেন। মাঝপথে পুলিশ মিছিল আটকালে তারা রাস্তায় বসে বিক্ষোভ দেখাতে থাকে। পুলিশ সে সময় তাদের উদ্দেশ্যে জল কামান ছোড়ে। তবে সব বাধা অতিক্রম করেও তারা মহিলা কমিশনে গিয়ে প্রতিকী তালা লাগায়। রাজ্য সাধারণ সম্পাদক অগ্নিমিত্রা পাল বলেন,

বাইট

এদিকে, সিবিআইয়ের আর জি কররে ঘটনার তদন্ত থাকা সত্ত্বেও কেন রাজ্যে অস্থিরতা তৈরি করা হচ্ছে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ সেই প্রশ্নও তুলেছেন। সাংবাদিকদের তিনি আজ বলেন,

বাইট

দলের আর এক নেতা রাজ্যের ণন্ত্রী কলকাতার মেয়র ফিহরহাদ হাকিমও বলেছেন, আরজিকর কাণ্ডে সিবিআই দ্রুত তদন্ত করে চার্জ শীট জমা দিক, তাদের দল সেটাই চায়।

বাইট

-----------------------

ন্যাশনাল মেডিক্যাল কলেজে হাসপাতালে নতুন অধ্যক্ষ হচ্ছেন, চেস্ট মেডিসিন বিভাগের অধ্যাপক শুভ্র মিত্র। তিনি অজয় রায়ের স্থলাভিষিক্ত হবেন।

উল্লেখ্য এর আগে সন্দীপ ঘোষকে আর জি কর মেডিক্যাল কলেজ থেকে সরিয়ে ন্যাশনাল মেডিক্যাল কলেজের অধ্যক্ষ পদে পাঠানো হয়। তবে পড়ুয়া চিকিৎসকরা সেই নিয়ে তীব্র আপত্তি জানান। এরপর কলকাতা হাইকোর্টও তাকে ছুটিতে যাওয়ার নির্দেশ দেয়। করাপরই আজ রাজ্য সরকারের পক্ষ থেকে নতুন অধ্যক্ষের নাম ঘোষণা করা হল।

এদিকে আর জি কর কান্ডে আজও প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে সিজিও কমপ্লেক্সে জেরা করা হচ্ছে। এই নিয়ে ১৫ দিন সিবিআই আধিকারিকদের জেরার মুখোমুখি হয়েছেন তিনি।

অন্যদিকে সিবিআইয়ের একটি আধিকারিক দল আর জি করে গিয়ে আজ ঘটনাস্থল ঘুরে দেখে।

রাজ্যপাল সিভি আনন্দ বোসও আজ নতুন দিল্লীতে স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের সঙ্গে সাক্ষাত্‍ করে আর জি করের বিষয় নিয়ে কথা বলেন।

-----------------------

আইনশৃঙ্খলা নিয়ন্ত্রনে কালীঘাট ও আলিপুরের পরে রাজ্য সরকার শহরের আরও তিনটি থানা এলাকায় ১৬৩ ধারা জারি করেছে। ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা আইন অনুযায়ী আগামী রবিবার পয়লা সেপ্টেম্বর থেকে পনেরো দিনের জন্যে শ্যামপুকুর, উল্টোডাঙ্গা ও টালা থানায় এই নিষেধাজ্ঞা কার্যকর হতে চলেছে। এর আওতায় ঐসব এলাকায় একসঙ্গে পাঁচ জন বা তার বেশি মানুষের জমায়েতের উপর নিয়ন্ত্রণ জারি করা হচ্ছে।

-----------------------

রাজ্যের নতুন অর্থ সচিব হচ্ছেন প্রভাত কুমার মিশ্র। তিনি মনোজ পন্থের জায়গায় এলেন। শ্রী পন্থকে দেওয়া হচ্ছে সেচ দপ্তরের সচিবের দায়িত্ব।

অন্যদিকে, মৎস্য, জলসম্পদ দপ্তরের সচিবের দায়িত্বে থাকা রোশনি সেনকে জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তরের অতিরিক্ত দায়িত্ব দেওয়া হচ্ছে বলে নবান্ন সূত্রে আজ জানা গেছে।

এদিকে বর্তমান মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকার কার্যকালের মেয়াদ শেষ হচ্ছে আগামীকাল। তাঁর জায়গায় নতুন মুখ্যসচিব কে হবেন, সেই নিয়ে জল্পনা চলেছে। শ্রী গোপালিকার কার্যকালের মেয়াদ তিনমাস বাড়ানোর জন্য প্রধানমন্ত্রীর দফতরের অনুমোদন চাওয়া হয়েছে।

-----------------------

বন্ধ্যা জমিকে চাষযোগ্য করে তোলা অথবা সেখানে শিল্প গড়ে তুলে কর্মসংস্থানের দাবিতে হুগলির সিঙ্গুরের কৃষকরা ১৮ বছর বাদে আজ থেকে আরও এক দফা আন্দোলন শুরু করেছেন। একুশ জন সদস্যকে নিয়ে গঠিত সিঙ্গুর বন্ধ্যা জমি পুনর্ব্যবহার কমিটির যুগ্ম আহ্বায়ক, ২০০৬ সালে গঠিত সিঙ্গুর কৃষিজমি রক্ষা কমিটির সদস্য আন্দোলনের অন্যতম দুধকুমার ধাড়া বলেন সুপ্রীম কোর্টের নির্দেশ মেনে আট বছর আগে অধিগৃহীত জমি মালিকদের হাতে ফিরিয়ে দেওয়া হলেও বর্তমানে তার মধ্যে সাতশো একর জমিতেই কোন চাষ হয় না। সেই জমিকে চাষযোগ্য করে তোলা , আগে অধিগৃহীত জমির একশো একরে যে ছোট শিল্প ছিল সেগুলি ফিরিয়ে দেওয়া, নিকাশী ব্যবস্থা ঠিক করা এবং চেষ্টা করেও জমি চাষযোগ্য করে তোলা না গেলে সেখানে শিল্প গড়ার মত সাত দফা দাবি তারা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির কাছে পেশ করবেন বলেও শ্রী ধাড়া জানিয়েছেন।

-----------------------

যুবভারতী ক্রীড়াঙ্গনে আগামীকাল ডুরান্ড কাপ ফুটবলের ফাইনালে মোহনবাগান সুপারজায়ান্ট, নর্থ ইস্ট ইউনাইটেডের মুখোমুখি হবে। খেলা শুরু হবে বিকেল সাড়ে পাঁচটায়। ম্যাচকে ঘিরে সবুজ মেরুন সমর্থকদের মধ্যে ব্যাপক উন্মাদনার সৃষ্টি হয়েছে।

------------------------

সমাজকর্মী কবি কমল চক্রবর্তী প্রয়াত। সম্প্রতি পুরুলিয়ার বান্দোয়ানে তিনি বাড়িতে পড়ে গিয়ে আহত হন। জামশেদপুরে তাঁর চিকিৎসা চলেছিল। আজ বেলা তিনটের সময় সেখানে তাঁর মৃত্যু হয় বলে স্থানীয় সূত্রে জানা গেছে।

----------------------- ------------------------